

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১০৮

৮. খাদ্য অধ্যায় (ইনুহান্)

পরিচ্ছেদঃ ৩০. যে ব্যক্তি (হাত দিয়ে) না ছিঁড়ে বরং (দাঁত দিয়ে) কামড়ে গোশত খেতে পছন্দ করে, তার সম্পর্কে

بَابِ فِيمَنْ اسْتَحَبَّ أَنْ يَنْهَسَ اللَّحْمَ وَلَا يَقْطَعَهُ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَبْدُ الْكَرِيمِ أَبُو أُمَيَّةَ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ بْنِ نَوْفَلٍ زَوَّجَنِي أَبِي فِي إِمَارَةِ عُثْمَانَ فَدَعَا رَهْطًا مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَانَ فِيمَنْ دَعَا صَفْوَانُ بْنُ أُمَيَّةَ وَهُوَ شَيْخٌ كَبِيرٌ فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَانَ فِيمَنْ دَعَا صَفْوَانُ بْنُ أُمَيَّةَ وَهُوَ شَيْخٌ كَبِيرٌ فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ انْهَسُوا اللَّحْمَ نَهْسًا فَإِنَّهُ أَشْهَى وَأُمْرَأُ

বাংলা

২১০৮. আব্দুল্লাহ্ ইবনুল হারিস ইবনু নাউফাল বলেন, উছমান রাদ্বিয়াল্লাহ্ আনহু এর শাসনামলে আমার পিতা আমাকে বিবাহ দিলেন। সে সময় তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের একদল সাহাবীকে দাওয়াত দিলেন, যাদের মধ্যে সাফওয়ান ইবনু উমাইয়া রাদ্বিয়াল্লাহ্ আনহুও ছিলেন। আর তিনি ছিলেন অতি বৃদ্ধ ব্যক্তি। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "তোমরা মাংস এক এক কামড় করে খাও। কেননা, তা (এভাবে খাওয়াটা) অধিক মজাদার ও অধিক সুস্বাস্থ্যকর।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল হুমাইদী নং নং ৫৭৪ তে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন